আজকের কাগজ

তারিখ ...21 OCT 1992...
পৃষ্ঠা... ১ ... কলাম... ১ ...

# রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

# ফেল করেছে শতকরা ৩১ দশমিক ৩৭ ভাগ

**গোলাম ফারুক:** গতকাল রাজশাহী শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে। মোট ৬১ হাজার ৩শ' ৭৯ জন পরীক্ষায় অংশ নিয়ে ৪২ হাজার ১শ' ৯১ জন পাস করেছে। পাসের হার শতকরা ৬৮ দশমিক ৭৩। ফেলের হার ৩১ দশমিক ৭৩। মোট পরীক্ষার্থীর মধ্যে ৪৩ হাজার ৬শ' ৯২ জন পুরুষ অংশ নিয়ে ২ হাজার ৪০ জন প্রথম বিভাগ, ১১ হাজার ২শ' জন দ্বিতীয় এবং ১৭ হাজার ৩শ' ৬০ জন তৃতীয় বিভাগসহ ৩০ হাজার ৬শ' উত্তীর্ণ হয়েছে। পাসের হার পুরুষ ৭০ দশমিক ৩। মহিলাদের মধ্যে ১৭ হাজার ৬শ' ৮৭ জন অংশ নিয়ে ৬শ' ৯ জন প্রথম বিভাগ, ৩ হাজার ৯শ' ৭৫ জন দ্বিতীয় বিভাগ এবং ৭ হাজার ৭ জন তৃতীয় বিভাগসহ মোট ১১ হাজার ৫শ' ৯১ জন পাস করেছে: পাসের হার মহিলা ৬৫ দশমিক ৫৩। মোট পরীক্ষার্থীদের মধ্যে মানবিক বিভাগ ৩৭ হাজার ৪শ' ৩৫ জন। বিজ্ঞান বিভাগ ১৫ হাজার ৯শ' ৯০ এবং বাণিজ্য বিভাগে ৭ হাজার ৯শ' ৫৪ জন অংশ নিয়ে ২৩ হাজার ৯শ' ৮ জন মানবিক; ১১ হাজার ৯শ' ৩৪ জন বিজ্ঞান ও ৬ হাজার ৩শ' ৪৯ জন বাণিজ্য বিভাগ থেকে পাস করেছে।

মানবিক বিভাগে উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে ৪শ' ৮৪ জন প্রথম বিভাগ, ৭ হাজার ৩শ' ২৬ জন দ্বিতীয় বিভাগ এবং ১৬ হাজার ৯৮ জন তৃতীয় বিভাগ পেয়েছে। পাসের হার ৬৩ দশমিক ৮৬। বিজ্ঞান বিভাগে ২ হাজার ৮১ জন প্রথম বিভাগ, ৫ হাজার ৫শ' ৯৩ জন দ্বিতীয় বিভাগ এবং ৪ হাজার ২শ' ৬০ জন তৃতীয় বিভাগে পাস করেছে। পাসের হার ৭৪ দশমিক ৬৩। বাণিজ্য বিভাগে ৮৪ জন প্রথম বিভাগ, ২ হাজার ২শ' ৫৬ জন দ্বিতীয় বিভাগ এবং ৪ হাজার ৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৭৯ দশমিক ৮২। মোট অনিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে মানবিক বিভাগে ৬শ' ৫৬ জন এবং বাণিজ্য বিভাগে ৮১ জন অংশ নিয়ে যথাক্রমে ৩৮১ জন ও ৪২ জন পাস করেছে। অনিয়মিত উত্তীর্ণ পরীক্ষার্থীর হার যথাক্রমে মানবিক বিভাগ ৬০ দশমিক ২৮ এবং ৪২ দশমিক ৯৯।

এবারে সম্মিলিত মেধা তালিকায় ও বিজ্ঞান বিভাগে প্রথম স্থান অধিকার করেছে রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র আসাদুজ্জামান, রোল রাজ ক্যাডেট-৩৬। আসাদুজ্জামান পদার্থ, গণিত, রসায়ন ও প্রকৌশল বিষয়ে লেটারসহ ৯৫০ নম্বর পেয়েছে।

সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান দখল করেছে রাজশাহী কলেজের মুরশিদুল ইসলাম, রোল রাজ ৬৫১। সে পদার্থ, রসায়ন, গণিত ও জীব বিজ্ঞানে লেটারসহ ৯৪১ নম্বর পেয়েছে। ৯৩৮ নম্বর পেয়ে তৃতীয় হয়েছে পাবনা ক্যাডেট কলেজের মোঃ উল-উল আজম। রোল পাব (ক্যাডেট) ২১। সে পদার্থ, রসায়ন, গণিত ও পরিসংখ্যানে লেটার পেয়েছে। তৃতীয় স্থান অধিকারীর থেকে মাত্র ১ নম্বর কম পেয়ে চতুর্থ হয়েছে রাজশাহী কলেজের ছাত্র মুহাম্মদ সাজাদুর রহিম। তার রোল রাজ-৫৬৫। সে পদার্থ, রসায়ন, গণিত ও পরিসংখ্যান বিষয়ে লেটার পেয়েছে। পঞ্চম হয়েছে রংপুর ক্যাডেট কলেজের আলীমুল আমীন, রোল; রং (ক্যাডেট) ৭। সে পদার্থ, রসায়ন, গণিত ও প্রকৌশলসহ ৯৩৫ নম্বর পেয়েছে।

পদার্থ, রসায়ন, গণিত ও পরিসংখ্যানে লেটারসহ ৯৩০ নম্বর পেয়ে রাজশাহী ক্যাডেট কলেজের সাব্বির আহমেদ (রোল, রাজ -৫৪৭) ষষ্ঠ স্থান অধিকার করেছে। সপ্তম হয়েছে রংপুর পাবলিক স্কুল ও জাহাঙ্গীর হোসেন রোল রং (ক্যান্ট) ৬৯। সে ৪টি বিষয়ে লেটারসহ ৯২২ নম্বর পেয়েছে। রাজশাহী ক্যাডেট কলেজের মাহমুদুল কবীর ৪টি বিষয়ে লেটারসহ ৯১১ নম্বর পেয়ে অষ্টমস্থান দখল করেছে। তার রোল রাজ (ক্যাডেট) ৩২। একই কলেজের আসাদুজ্জামান, রোল-৩১ ৪টি বিষয়ে লেটারসহ ৯০৮ পেয়ে নবম স্থান লাভ করেছে। দশম স্থান পেয়েছে রংপুর ক্যাডেট কলেজের মোহাম্মদ আলী রোল রং (ক্যাডেট) ৫। সে ৪টি লেটারসহ ৯০৪ নম্বর পেয়েছে।

মানবিক বিভাগে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে আফজালুল ইসলাম। রাজশাহী কলেজের ছাত্র আফজাল (রোল রাজ-২৮২) যুক্তিবিদ্যা, পরিসংখ্যান, মনোবিজ্ঞান ও ইসলামী শিক্ষা লেটারসহ ৮৫২ নম্বর পেয়েছে। একই কলেজের সাধনকুমার দাস (রোল-রাজ-২৬৫) যুক্তিবিদ্যা, পরিসংখ্যান, মনোবিজ্ঞান ও সংস্কৃত বিষয়ে লেটারসহ ৮২৯ নম্বর পেয়ে দ্বিতীয় হয়েছে। ৮২৩ নম্বর পেয়ে তৃতীয় স্থান দখল করেছে যুগ্মভাবে যথাক্রমে রাজশাহী ক্যাডেট কলেজের দেববত চক্রবর্তী (রাজ-২০২) ও রংপুর ক্যাডেট কলেজের ইকবাল হাসান ফেরদৌস, রোল রং (ক্যাডে)-১। তারা উভয়ই ৩টি বিষয়ে লেটার পেয়েছে। রাজশাহী কলেজের প্রণবকুমার পান্ডে (রোল-রাজ-২৬০), ৮১৬ নম্বর পেয়ে চতুর্থ স্থান লাভ করেছে। ৮১৫ নম্বর পেয়ে পঞ্চম হয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুলের (রোল-রাজ-ম ৩২৮০)।

বাণিজ্য শাখার সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে রাজশাহী কলেজের ওয়াহেদুর রহমান (রোল-রাজ-৯১৫)।

সে পরিসংখ্যানে লেটারসহ ৭৬৬ নম্বর পেয়েছে। ৭৪৪ নম্বর পেয়ে দ্বিতীয় হয়েছে নবাবগঞ্জ সরকারি কলেজের মোঃ হযরত আলী (রোল-নবাব-৮৫-২)। রাজশাহী কলেজের তাওহীদ-উল-হাসান রোল (রাজ-৯১৩) ৭২৮ এবং আবুল কালাম আজাদ (রোল-রাজ-৯৬৬) ৭১৪ নম্বর পেয়ে যথাক্রমে তৃতীয় ও চতুর্থ স্থান লাভ করেছে। পঞ্চম স্থান দখল করেছে বগুড়া সরকারি আজিজুল হক কলেজের আহসান কবির (রোল-বগ-৭৩০)। সে ৭০৬ নম্বর পেয়েছে।